# মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম পরিচ্ছেদ: নারীদের সালাত সংক্রান্ত বিশেষ হুকুম

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৪. নারীর ইমামতিতে নারীদের জামা'আত করা:

নারীদের জামা'আত তাদের কারো ইমামতিতে বৈধ কি বৈধ নয় দ্বিমত রয়েছে, কতক আলেম বৈধ বলেন, কতক আলেম বলেন অবৈধ। অধিকাংশ আলেম বলেন এতে কোনো সমস্যা নেই। কারণ, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উম্মে ওরাকাকে তার ঘরের লোকদের ইমামতি করার নির্দেশ দিয়েছেন। কেউ বলেন, নারীর ইমামতি মুস্তাহাব ও পছন্দনীয় নয়, কেউ বলেন মাকরূহ। কেউ বলেন নারীদের ইমামত নফল সালাতে বৈধ, কিন্তু ফরয সালাতে বৈধ নয়। তাদের জামাত মুস্তাহাব এটিই হয়তো বিশুদ্ধ মত।[1] আর পর-পুরুষ না শুনলে নারী উচ্চস্বরে কিরাত পড়বে।

## ফুটনোট

[1] এ মাস'আলা সংক্রান্ত আরো অধিক জানার জন্য দেখুন: 'মুগনি': (২/২০২), আল-মাজমু লিন নাওয়াওয়ী: (৪/৮৪ ও ৮৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14703

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন